# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ১৬. ২. যাকোবের প্রতি পক্ষপাতিত্ব

ইসহাক নবীর দু’ ছেলে: বড় ছেলে ইসাউ: Esau। বাইবেলের বাংলা অনুবাদগুলোতে ‘এষৌ’, ‘এসৌ’ বা ‘ইস’ লেখা হয়েছে। ছোটে ছেলে যাকোব (ইয়াকুব), যিনি ‘ইসরাইল’ নামেই অধিক পরিচিত। বৃদ্ধ বয়সে ইসহাক অন্ধ হয়ে যান। তিনি আল্লাহর বিধান মত বড় ছেলে এষৌকে আশীর্বাদ করতে চান। কিন্তু যাকোব প্রতারণা করে এষৌ-এর বেশ ধরে পিতার কাছে এসে আশীর্বাদ চান। ইসহাক এষৌ মনে করে তাঁকে আশীর্বাদ করেন। (আদিপুস্তক ২৭ অধ্যায়) মজার কথা হল, ইসহাক অন্ধ হওয়ার কারণে এষৌ ভেবে যাকোবকে আশীর্বাদ করলেন এবং ঈশ্বরও অন্ধের মতই তা বাস্তবায়ন করলেন। প্রতারককে শাস্তি দেওয়া তো দূরের কথা, ঈশ্বর বললেন, নিরপরাধ এষৌকে তিনি ঘৃণা করলেন এবং প্রতারক যাকোবকে প্রেম করলেন (মালাখি ১/২-৩)।

আমরা দেখব যে, দু’ বোনকে একত্রে বিবাহ করা এবং  ঈশ্বরের নামে মিথ্যা বলা উভয়ই বাইবেল অনুসারে ভয়ঙ্করতম অপরাধ। যাকোব এ দু’টা অপরাধই করেন কিন্তু ঈশ্বর তাঁকে শাস্তি দেননি; বরং ঈশ্বর যাকোব বা ইসরাইলকে তাঁর পুত্র (ইবনুল্লাহ), উপরন্তু প্রথমপুত্র (ইবনুল্লাহ আওয়াল) বলে ঘোষণা করেছেন (যাত্রাপুস্তক ৪/২২)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14280

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন